

www.cancerscreening.nhs.uk-এ NHS ক্যান্সার স্ক্রীনিং প্রোগ্রাম থেকে এই লিফলেটের সংস্করণগুলো (প্রচারপত্র) ইংরেজি ভাষা ছাড়া অন্যান্য ভাষায় এবং বড় মুদ্রণে ও পাওয়া যায়।

# 50 বছর থেকে ছোট এবং 70-এর চেয়ে বেশি বয়সী নারীদের জন্য স্থনের স্ক্রীনিং-এর বয়স বাড়ানোর ট্রায়ল (পরীক্ষা)

## আপনাকে এই লিফলেট কেন পাঠানো হয়েছে?

সাধারণত, ইউকে তে 50 এবং 70 বছর বয়সের মধ্যে নারীদের প্রতি তিন বছরে NHS স্থন স্ক্রীনিং-এর জন্য আমন্ত্রিত করা হয়।

এই লিফলেটটি আপনাকে একটি গবেষণা সংক্রান্ত অধ্যয়ন\* সম্পর্কে তথ্য প্রদান করে যেটা পুরো ইংল্যান্ড জুড়ে হতে চলেছে এবং যেখানে চলিত 50 থেকে 70'এর বয়স সীমা থেকে একটু ছোট বা বড় নারীদের স্থন স্ক্রীনিং-এ আমন্ত্রিত করার সম্ভাব্য ঝুঁকি এবং লাভের বিষয়ে গবেষণা করা হবে।

যদি এই বছরের শেষে আপনার বয়স 50 থেকে 70-এর মধ্যে হবে তাহলে আপনাকে এই পরীক্ষায় অংশ নেয়ার জন্য আমন্ত্রিত করা হচ্ছে না বরং আপনাকে একটি নিয়মিত স্থন স্ক্রীনিং প্রদান করা হচ্ছে। আপনার আর এই লিফলেটটি আগে পড়ার কোন প্রয়োজন নেই।

যদি এই বছরের শেষে আপনার বয়স 50-এর চেয়ে কম বা 70-এর চেয়ে বেশি হবে তাহলে আমরা এই পরীক্ষার অংশ হিসাবে আপনাকে স্ক্রীনিং-এর জন্য আমন্ত্রিত করছি। অনুগ্রহ করে এই শিটের উল্ট দিকে এই পরীক্ষা সংক্রান্ত উল্লিখিত তথ্যসমূহ পড়ুন।

ইংল্যান্ডে স্থন স্ক্রীনিং-এর বয়স সীমা বাড়ানোর জন্য \* দেশজোড়া যদৃচ্ছভাবে-ক্লাস্টার নির্ধারিত একটি পরীক্ষা

মূল নৈতিক অনুমোদন রেফারেন্স 10/H0710/9; নিরন্তর নৈতিক অনুমোদন 2014-এ নিশ্চিত করা হয়েছে।

## আমাদের পরীক্ষা করার কি প্রয়োজন রয়েছে?

যদিও আমরা 50 থেকে 70 বছর বয়সী নারীদের উপর স্তন স্ক্রীনিং-এর প্রভাবের বিষয়ে অনেক তথ্য জানি তবুও 50 বছর বয়স থেকে একটু কম বা 70-এর চেয়ে বেশি বয়সী নারীদের উপর কি প্রভাব হয় তার বিষয়ে পর্যাপ্ত প্রমাণ নেই। এই পরীক্ষায় সামান্য কম বয়সী এবং বেশি বয়সী নারীদের জন্য স্ক্রীনিং-এর সম্ভাব্য ঝুঁকি (বিশেষত, এমন ক্যান্সারের রোগনিদান এবং চিকিৎসা যেখানে জীবন হারাবার কোন ঝুঁকি নেই) এবং লাভের (বিশেষত, জীবন বাঁচাবার সম্ভাবনা) মূল্যায়ন করা হবে।

এই পরীক্ষাটি 2009-এ আরম্ভ হয়ে ছিল এবং এতে এখনও নারীদের ভর্তি চলছে। ইতিমধ্যে মাত্র 2014-এ এই পরীক্ষায় 1.5 মিলিয়ন নারী অংশগ্রহণ করছিলেন এবং অবশেষে সম্ভাবনা রয়েছে যে কয়েক মিলিয়ন নারী এতে शामिल হবেন। 'NHS রেস্ট স্ক্রীনিং, হেল্পিং ইউ ডিসাইড' নামক সংযুক্ত প্রচারপত্রে 50 থেকে 70 বছর বয়সী নারীদের জন্য দেখানো তথ্যের মতন নির্ভরযোগ্য তথ্য পেতে অন্তত মাত্র 2020 পর্যন্ত সময় লাগবে। প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে ইউকের সরকার সিদ্ধান্ত নেবে যে সকল নারীদের জন্য নিয়মিত স্তন স্ক্রীনিং-এর বয়স সীমা বাড়ানো হবে কি না।

## যদি আপনি অংশগ্রহণ করার জন্য বাজি দেন তাহলে কি হবে?

আপনি যে অঞ্চলে থাকেন সেখান থেকে আমরা যদৃচ্ছভাৱে অর্ধেক 47 থেকে 49 বয়সী এবং অর্ধেক 71 থেকে 73 বয়সী নারীদের বেছে নিচ্ছি এবং তাদের স্ক্রীনিং-এর জন্য আমন্ত্রিত করছি। ঠিক যেমন একটি কয়েক টস করা হয় তেমন করে যদৃচ্ছভাৱে নারীদের সমূহগুলো (ক্লাস্টার) কে বন্টন করা হবে যেখানে হয় সম্পূর্ণ সমূহটিকে স্ক্রীনিং-এর জন্য আমন্ত্রিত করা হবে কিংবা সম্পূর্ণ সমূহটিকে কে আমন্ত্রিত করা হবে না। সাধারণত একটি ক্লাস্টারে কয়েক ডজন থেকে কয়েক শত নারী জড়িত থাকতে পারেন যারা একে ওপরের কাছাকাছি থাকেন। সুতরাং প্রত্যেক বয়সের জন্য অধ্যয়নটি অনুবর্তী কয়েক বছর ধরে স্ক্রীনিং আমন্ত্রিত নারীদের এবং স্ক্রীনিং-এর জন্য আমন্ত্রিত করা হয় নি এমন সকল ক্লাস্টারে জড়িত নারীদের তুলনা করতে পারে।

যে কোন নারী এই পরীক্ষাটি গ্রহণ করে তাকে সাধারণ ভাবে স্ক্রীন করা হবে। 'NHS রেস্ট স্ক্রীনিং, হেল্পিং ইউ ডিসাইড' নামক সংযুক্ত প্রচারপত্রে স্ক্রীনিং প্রক্রিয়ার বর্ণনা এবং 50 থেকে 70 বছর বয়সী নারীদের জন্য স্ক্রীনিং-এর ঝুঁকি এবং লাভ উল্লিখিত রয়েছে। যদিও, এই প্রচারপত্রে দেয়া সংখ্যাগুলো (পৃষ্ঠা 6-9 এবং পৃষ্ঠা 11 তে) 50 থেকে ছোট এবং 70 থেকে বড় নারীদের জন্য প্রযোজ্য নয়। উদাহরণস্বরূপ, প্রচারপত্রের পৃষ্ঠা 7-এ দেয়া রেখাচিত্র, যেটা দেখায় যে সাধারণত 50 থেকে 70 বয়সী 100টি নারীদের স্ক্রীন করলে কি হয়, সেখানে উল্লিখিত তথ্যসমূহ কে বহু বছর ধরে অনেক নারীদের বিষয়ে একত্র করা তথ্যের ভিত্তিতে লেখা হয়েছে।

50 বছর থেকে কম বা 70 বছর থেকে বেশি বয়সী নারীদের জন্য নির্ভরযোগ্য কোন সমতুল্য তথ্য নেই। প্রচারপত্রে বলা হয়েছে যে প্রত্যেক বার 100টি নারীদের স্তন স্ক্রীন করার সময় প্রায় 4টি নারীদের অতিরিক্ত পরীক্ষার প্রয়োজন হবে এবং 1টি নারীর মধ্যে ক্যান্সারের রোগ ধরা দেবে। এমন ও হতে পারে যে 4টি নারী থেকে বেশি বা কম নারীদের অতিরিক্ত পরীক্ষার প্রয়োজন হবে এবং 1টি নারীর মধ্যে ক্যান্সারের রোগ ধরার জন্য একশত থেকে বেশি বা কম নারীদের স্ক্রীন করার প্রয়োজন হতে পারে। একইভাবে প্রচারপত্রের পৃষ্ঠা 11 তে বলা হয়েছে যে স্ক্রীন করা প্রত্যেকটি 200 নারীদের মধ্যে স্ক্রীনিং-এর কারণে স্তন ক্যান্সার থেকে প্রায় 1টি জীবন বাঁচানো হয়। যেহেতু এর মানে হল তাদের সকল 7টি 3-বার্ষিক স্ক্রীনিং গ্রহণ করা তাই 50 থেকে 70 বছর বয়সের মধ্যে প্রত্যেকটি একক স্ক্রীনিং ভিজিটের থেকে লাভ হল গড় 1400-এর মধ্যে 1। স্তন ক্যান্সারের কারণে মৃত্যুর ঝুঁকি এড়ানোর জন্য, ঠিক 50-এর আগে বা ঠিক 70-এর পর প্রত্যেকটি সিঙ্গেল অতিরিক্ত স্ক্রীনিং থেকে পাওয়া অতিরিক্ত লাভ হয়তো 1400-এর মধ্যে 1 থেকে কিছুটা বেশি বা কম হতে পারে।

যদি আপনি এই পরীক্ষায় অংশগ্রহণ করতে রাজি হন তাহলে আপনার নাম এবং জন্ম তারিখের মতন তথ্যসমূহ ব্যবহার করে আপনার স্ক্রীনিং-এর রেকর্ড কে অন্যান্য NHS স্ক্রীনিং রেকর্ড এবং কোন হাসপাতালে ভর্তি করার বা ক্যান্সারের রেকর্ডের সাথে লিঙ্ক করা হবে। এর ফলে আমরা অতিরিক্ত স্ক্রীনিং-এর সাথে জড়িত ঝুঁকি এবং লাভের মূল্যায়ন করতে পারবো। লিঙ্ক করার পর, কিন্তু সকল রেকর্ডগুলো কে বেনাম বানানো হবে যাতে করে যে গবেষকরা এই তথ্যসমূহ ব্যবহার করেন তারা তার থেকে যেন কোন ব্যক্তিদের সনাক্ত না করতে পারে। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে গবেষকদের একটি দল এই পরীক্ষাটির সংগঠন এবং ডাটার বিশ্লেষণ করছে।

## যদি আপনি অংশগ্রহণ করতে রাজি না হন তাহলে কি হবে?

যদি আপনি এই আমন্ত্রণটি গ্রহণ করেন না চান তাহলে, অনুগ্রহ করে সেটাকে অগ্রাহ্য করুন। যদি এই বছরের শেষে আপনার বয়স 40 বা তার চেয়ে বেশি হবে তাহলে আপনাকে আর নিয়মিত স্ক্রীনিং-এর জন্য আমন্ত্রিত করা হবে না কেননা এই স্ক্রীনিং 70 বছর বয়সে বন্ধ হয়ে যায় কিন্তু তবুও যদি আপনি চান তাহলে আপনি স্ক্রীন করার অনুরোধ করতে পারেন। যদি এই বছরের শেষে আপনার বয়স 47 থেকে 49-এর মধ্যে হবে তাহলে আপনাকে তবুও প্রায় 5 বছর পর একটি নিয়মিত স্ক্রীনিং-এর জন্য আমন্ত্রিত করা হবে।

47 থেকে 49 বছর বয়সী যে নারীদের আমন্ত্রিত করা হয় না কিংবা যারা প্রথমে এই আমন্ত্রণটি অস্বীকার করেন কিন্তু পরে তাদের মন বদলি করেন তারা তবুও স্ক্রীন করার জন্য অনুরোধ করতে পারেন যদি তারা এমন কোন অঞ্চলে থাকেন যেটা পরীক্ষায় অংশগ্রহণ করছে। ইংল্যান্ডের প্রায় সকল অঞ্চল এই পরীক্ষায় অংশগ্রহণ করছে কেবল কিছু অল্প জায়গা ছাড়া যেগুলো সাংগঠনিক কারণে অংশগ্রহণ করতে পারছে না। যদি আপনি চান তাহলে অনুগ্রহ করে নিজের জিপি কে আরো তথ্যের জন্য জিজ্ঞাসা করুন।

# আপনি কোথায় থেকে মূন স্ক্রীনিং এবং এই পরীক্ষার বিষয়ে আবো বিস্তারিত তথ্যসমূহ জানতে পারেন?

[www.cancerscreening.nhs.uk](http://www.cancerscreening.nhs.uk)-এ NHS ক্যান্সার স্ক্রীনিং প্রোগ্রামের  
(Cancer Screening Website) ওয়েবসাইট থেকে।

লিফলেট সংস্করণ 3.3 (অক্টোবর 2014)।

পাবলিক হেল্থ ইংল্যান্ড (Public Health England) দ্বারা অর্থায়ন করা হয়েছে; NHS ক্যান্সার স্ক্রীনিং  
প্রোগ্রামস হল পাবলিক হেল্থ ইংল্যান্ডের একটি অংশ।

এই শিরনামের অধিকতর কপি পাওয়ার জন্য [www.orderline.dh.gov.uk](http://www.orderline.dh.gov.uk) দেখুন বা এইচ  
পাব্লিকেশন্স (DH publications) অর্ডার লাইনের সঙ্গে যোগাযোগ করুন, টেলিফোন 0300 123 1002  
(মিনিমুম 0300 123 1003)

Publication withdrawn 17 December 2018